চুয়াডাঙ্গায় প্রতিবন্ধী দিবস উপলক্ষে আলোচনা সভা ও হুইল চেয়ার বিতরণ

প্রতিবন্ধী ব্যক্তিদের সাথে সম্মিলিত অংশগ্রহণ, নিশ্চিত করবে এসডিজি অর্জন প্রতিপাদ্য চুয়াডাঙ্গায় আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস উপলক্ষে আলোচনা সভা ও হুইল চেয়ার বিতরণ করা হয়েছে।

আজ রবিবার সকাল এগারোটার সময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয়ে সম্মেলন কক্ষে জেলা প্রশাসন জেলা সমাজসেবা কার্যালয় প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের আয়োজনে দিবসটি যথাযোগ্য মর্যাদায় সাথে পালিত হয়।

আলোচনা সভায় চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক(সার্বিক) নাজমুল হামিদ রেজার সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা।

এ সময় তিনি বলেন, একজন সুস্থ সবল মানুষ যেমন বাংলাদেশের নাগরিক তেমনি একজন প্রতিবন্ধী ব্যক্তি সেও বাংলাদেশের নাগরিক।সব কিছুর পরিচয়ের মুলে সবাই আমারা মানুষ। সমাজে সামাজিক প্রতিবন্ধকতা বেশি। আমাদের সকলের প্রচেষ্টার মাধ্যমে আমরা সামাজিক প্রতিবন্ধকতা দূর করতে পারি। আমাদের মনে রাখা উচিত মানুষের নাগরিক অধিকার। সহানুভূতির চেয়েও বড় সত্য, রাষ্ট্রিয় নাগরিক অধিকার। কোনো বৈষম্য করার সুযোগ নেই। কাজেই মৌলিক অধিকার আদায় করে নেয়া অধিকার নিশ্চিত করা সকলের অধিকার

তিনি আরও বলেন, মাননীয় প্রধানমন্ত্রী বলেছেন সকলকে নিয়ে উন্নত

স্মার্ট বাংলাদেশ গড়তে হবে। আমাদের মানসিক পরিচর্যা দরকার। দৃষ্টিভঙ্গির প্রতিবন্ধকতা দূর করতে না পারলে উন্নয়নকে অর্থবহ করে তুলতে পারবো না। কাউকে পিছনে রেখে সামনে এগোনো যাবে না।

৩২তম আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস এবং ২৫তম জাতীয় প্রতিবন্ধী দিবসের আলোচনা সভা শেষে প্রতিবন্ধীদের মাঝে হুইল চেয়ার প্রদান করা হয়।

আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান পিপিএম- সেবা, চুয়াডাঙ্গা সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ প্রফেসর মোঃ সিদ্দিকুর রহমান, চুয়াডাঙ্গা জেলা সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক সিদ্দিকা সোহেলী রশিদ, সহ জেলা প্রশাসন ও সমাজসেবার কর্মকর্তাবৃন্দ; সামাজিক ও রাজনৈতিক ব্যক্তিবর্গ সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

দর্শনায় ৩২ বোতল ফেনসিডিলসহ সিংনগরের ছোট গ্রেফতার

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ৩২ বোতল ফেনসিডিলসহ জহিরুল ইসলাম ছোটনকে (২৮)গ্রেফতার করেছে।

দর্শনা থানার আকন্দবাড়িয়া গ্রামের ইনতাজুলের বাঁশ বাগানের সামনে থেকে গ্রেফতার করে।তিনি জীবননগর উপজেলার সিংনগর গ্রামের গাং ধার পাড়ার আমানত মন্ডলের ছেলে।

জানাগেছে আজ রবিবার (৩ডিসেম্বর) সকাল সাড়ে ৯ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ ওসি বিপ্লব কুমার শাহ’র নেতৃত্বে, অভিযান চালায় আকন্দবাড়িয়া বন্ধুতলা নামক স্থানে।

এ সময় দর্শনা থানার এস আই তারেক হাসান গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ জহিরুল ইসলাম ছোটনকে গ্রেফতার করে। পরে পুলিশ তার দেহ তল্লাশী করে ৩২ বোতল ভারতীয় ফেনসিডিল উদ্ধার করে। তার বিরুদ্ধে একাধিক মাদক মামলা রয়েছে বলে পুলিশ বলেছে। গতকালই তাকে

মাদক আইনে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে।

জীবননগরে আন্তজার্তিক প্রতিবন্ধী দিবস পালিত

জীবননগরে ৩২তম আন্তজার্তিক প্রতিবন্ধী দিবস পালিত হয়েছে। রবিবার সকাল সাড়ে ১০টার সময় জীবননগর উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদের হলরুমে ৩২তম আন্তজার্তিক প্রতিবন্ধী দিবস উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার হাসিনা মমতাজের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাফিজুর রহমান।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আঃ সালাম ঈশা,মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী,জীবননগর উপজেলা সমাজ সেবা অফিসার জাকির উদ্দিন মোড়ল প্রমুখ।

আলমডাঙ্গায় প্রেমিকার ঘরে দেখা করতে গিয়ে প্রেমিক আটক

আলমডাঙ্গার পারদুর্গাপুরে গোপনে প্রেমিকার ঘরে ঢুকে দেখা করতে এসে স্থানীয়দের হাতে ধরা খেয়েছেন হারুনুর রশিদ (১৮) নামের এক প্রেমিক। পরে স্থানীয় জনতা ও পরিবার তাকে আটকে ঘরে তালা মেরে রাখে। পরে খবর দিলে আলমডাঙ্গা থানাপুলিশ ওই বাড়িতে পৌঁছে ছেলের পরিবারের নিকট তুলে দেয় বলে স্থানীয়রা জানান।

জানাগেছে, উপজেলার বাড়াদি ইউনিয়নের আনন্দবাস গ্রামের সানোয়ার হোসেনের ছেলে হারুনুর রশিদের সাথে পাশ্ববর্তী কুমারি ইউনিয়নের পারদুর্গাপুর গ্রামের এক স্কুলপড়ুয়া মেয়ের সাথে ফেসবুকে প্রেম-সম্পর্ক গড়ে তোলে। প্রেমিকার পিতা মাদারিপুর চাকুরি সুবাদে তারা সেখানে বসবাস করে। গত ৩-৪ দিন পূর্বে ওই স্কুলছাত্রী দাদার বাড়িতে বেড়াতে আসে। এসুযোগে প্রেমিকা তার প্রেমিক হারুনুর রশিদকে তার শোবার ঘরে আসতে বলে। গতকাল শনিবার রাত ১০ টার দিকে গোপনে ওই প্রেমিক তার ঘরে ঢুকলে স্কুলছাত্রীর পরিবারের লোকজন দেখে ফেলে। সে দৌঁড়ে পালানোর চেষ্টা করলে স্থানীয়রা ধাওয়া করে হারুনুর রশিদকে আটক করে। পরে তাকে ঘরের মধ্যে তালাবন্ধ করে রাখে। খবর পেলে ঘটনাস্থলে পৌঁছে আলমডাঙ্গা থানার এসআই দেবাশিষ, এসআই আশিক ওই প্রেমিক হারুনুর রশিদককে উদ্ধার করে।

বাড়াদি ইউনিয়নের আনন্দবাস গ্রামের ইউপি সদস্য শরিফুল ইসলাম জানান, খবর পেয়ে ঘটনাস্থলে গিয়েছি। দুই পরিবারের আপস-মিমাংসের মাধ্যমে দুজনে তার স্ব-স্ব পরিবারের নিকট তুলে দেওয়া হয়েছে।

চুয়াডাঙ্গায় দর্শনা ডিলাক্স ও রয়েল এক্সপ্রেস বাসে ইট নিক্ষেপ ও ভাংচুর

চুয়াডাঙ্গার জীবননগর উপজেলার উথলীতে ঢাকা থেকে ছেড়ে আসা দর্শনাগামী রয়েল এক্সপ্রেস (ঢাকা মেট্রো-ব-১৪-৬৮৩৪) নামের একটি পরিবহন বাসে ইট নিক্ষেপ করা হয়েছে। এতে গাড়িটির সামনের গ্লাস হয়েছে ক্ষতিগ্রস্ত।

আজ শনিবার রাত আনুমানিক পৌনে ৯টার দিকে এ ঘটনা ঘটে। এছাড়া মাঠের মধ্যে থাকা একটি কুঁড়েঘরে লাগানো হয়েছে আগুন।

রয়েল এক্সপ্রেসের আগে থাকা দর্শনাগামী দর্শনা ডিলাক্সের (ঢাকা মেট্রো-ব-১৫-৭৮৭৫) একটি এসি বাসেও ইট নিক্ষেপ করা হয়েছে বলে প্রাথমিকভাবে জানা গেছে। তবে সেই বাসটি না দাঁড়িয়ে চলে যাওয়ার

কারণে বিস্তারিত জানা যাায়নি। খবর পেয়ে ঘটনাস্থলে উপস্থিত হয়েছেন জীবননগর থানা পুলিশ।

বাসটির চালক জানান, দুপুর দেড়টার সময় যাত্রী নিয়ে ঢাকা থেকে তিনি দর্শনার উদ্দেশ্যে যাত্রা আরম্ভ করেন। পথিমধ্যে উথলী আখ সেন্টারের সামনে পৌঁছালে রাত আনুমানিক পৌনে ৯টার দিকে রাস্তার পশ্চিম পাশ থেকে দুজন ব্যক্তি তাদের গাড়িটি লক্ষ্য করে ইট নিক্ষেপ করেন। এতে গাড়ির সামনের গ্লাস ক্ষতিগ্রস্ত হয়েছে।

তিনি আরও জানান, আজ শনিবার দেশের কোথাও কোন হরতাল-অবরোধ ছিলো না। তারপরেও এধরনের কর্মকাণ্ড মেনে নেওয়া যায় না। উল্লেখ্য, উথলী আখ সেন্টার থেকে উথলী ডিগ্রি কলেজ পর্যন্ত রাস্তাটিতে এর আগেও কয়েক দফা বিভিন্ন যানবাহনে ইট নিক্ষেপ করা হয়েছে। কিন্তু যারা এ ধরনের ঘটনা ঘটাচ্ছে তাঁরা ধরাছোঁয়ার বাইরে থাকার কারণে একই ঘটনার পুনরাবৃত্তি ঘটছে বার বার।

চুয়াডাঙ্গায় দ্বিতল বিশিষ্ট বিএডিসির সেচ ভবন উদ্বোধন

চুয়াডাঙ্গায় নবনির্মিত বিএডিসির দ্বিতল বিশিষ্ট সেচ ভবনের আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হয়েছে।

বিএডিসির চেয়ারম্যান আব্দুল্লাহ সাজ্জাদ এনডিসি প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ফিতা কেটে ভবনের উদ্বোধন করেন। আজ শনিবার (২ ডিসেম্বর) দুপুরে চুয়াডাঙ্গার নুরনগর পাড়ায় অবস্থিত এ ভবন উদ্বোধন করা হয়।

এসময় উপস্থিত ছিলেন বিএডিসির তত্ত্বাবধায়ক প্রকৌশলী আব্দুল্লাহ আল রশিদ, প্রকল্প পরিচালক মো. মাহাবুব আলম, সহকারী প্রকৌশলী শাহজালাল আবেদীনসহ বিএডিসির বিভিন্ন ইউনিটের কর্মকর্তাবৃন্দ।

দ্বিতল বিশিষ্ট এ ভবন নির্মাণে ব্যয় হয়েছে ১ কোটি ২০ লাখ টাকা।

দামুড়হুদাতে সড়ক দুর্ঘটনায় আহত আইনুর চিকিৎসাধীন অবস্থায় মৃত্যু

দামুড়হুদায় বিয়ের ফুল কিনতে যাওয়ার সময় সড়ক দুর্ঘটনায় আহত আনসার ভিডিপি সদস্য আইনুর বিশ্বাস (২৪) মারা গেছে। গতকাল শুক্রবার গুরুতর অবস্থায় চুয়াডাঙ্গা সদর হাসপাতাল থেকে উন্নত চিকিৎসার জন্য কর্তব্যরত চিকিৎসক রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন।

গতকাল শুক্রবার সকাল ১১টার দিকে উপজেলার কোমরপুর ঈদগাহ নামক স্থানে সড়ক দুর্ঘটনায় আহত হন।

নিহত আইনুর(২৪) দামুড়হুদা উপজেলার জুড়ানপুর গ্রামের পূর্বপাড়ার আব্দুল মান্নান বিশ্বাসের ছোট ছেলে। আইনুর আনসার ভিডিপির একজন সদস্য ও পাশাপাশি পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর ইলেক্ট্রেশিয়ানের কাজ করে থাকেন।গত শুক্রবার বন্ধুর ভাইয়ের বিয়ের ফুল কিনতে গিয়ে কোমরপুর ঈদগাহ নামক স্থানে সড়ক দুর্ঘটনায় দুইজন আহত হয়েছিল। আহতরা হলেন আইনুর বিশ্বাস(২৪)জুড়ানপুর গ্রামের আব্দুল মান্নান বিশ্বাসের ছেলে ও একই গ্রামের সিফাত হোসেন(১৭) সুলতান আলীর ছেলে।

পরে স্থানীয়রা তাদের উদ্ধার করে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসলে আইনুরের শারীরিক অবস্থা আশংকাজনক হওয়ায় চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করেন। পরে আহত আইনুর বিশ্বাসের অবস্থার আরো অবনতি হলে তাৎক্ষণিক জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক রাজশাহীতে রেফার্ড করেন। সিফাত হোসেন উপজেলা সদর হাসপাতাল থেকে চিকিৎসা নিয়ে বাড়ি ফিরে আসে। আইনুরের মাথায় অতিরিক্ত জখম ও রক্তক্ষরণ হওয়ায় চিকিৎসক রাজশাহীতে রেফার্ড করেন। এরপর আইনুর বিশ্বাসকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করে আইসিইউতে স্থানান্তর করা হয়। রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় রাত ৩টার দিকে মৃত্যু হয়। ছোট ছেলে আইনুরকে

হারিয়ে মা বাবা দিশেহারা হয়ে গেছেন। আইনুরের মত একজন তরতাজা যুবকের মৃত্যুতে গ্রামের বাড়ি জুড়ানপুরে শোকের ছায়া নেমে এসেছে।

আলমডাঙ্গাতে নারীর রহস্যজনক মৃত্যু

আলমডাঙ্গায় আম গাছের ডালের সঙ্গে ঝুলন্ত অবস্থায় হাসি খাতুন (৩০) নামে এক গৃহবধূর রহস্যজনক মৃত্যু হয়েছে।

আজ শুক্রবার ভোরে উপজেলার আসাননগর গ্রাম থেকে ওই গৃহবধূর মরদেহ উদ্ধার করা হয়।বিকেলে মরদেহটি ময়নাতদন্তের জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতাল মর্গে পাঠানো হয়।

নিহত হাসি খাতুন উপজেলার কালিদাসপুর ইউনিয়নের আসাননগর কারিগরপাড়ার আবুল কাশেমের স্ত্রী।

স্থানীয়রা জানান, নিহত গৃহবধূ দীর্ঘদিন যাবৎ শারীরিক ও মানসিক রোগে আক্রান্ত ছিলেন। তাকে বিভিন্ন চিকিৎসকের নিকট স্বাস্থ্য পরিক্ষা করা হলেও রোগ নির্ণয় করতে পারিনি। এরই সূত্রে সে শুক্রবার দিবাগত রাতে নিজ বাড়ির সামনে আম গাছে রশি জড়িয়ে আত্নহত্যা করেছে।

খবর পেয়ে পুলিশ আজ শুক্রবার বিকেলে লাশ উদ্ধার করে পোস্টমোর্টামের জন্য চুয়াডাঙ্গা সদর হাসপাতাল মর্গে পাঠায়।

নাম না প্রকাশে অনেকেই জানায় আজ শুক্রবার ভোরে গ্রামের লোকজন জানতে পারে হাসি খাতুন গলায় দড়ি দিয়েছে কিন্তু তাকে কেও গাছের সাথে ঝুলন্ত অবস্থায় দেখেনি। এমনকি থানা পুলিশকেও অবহিত করেনি সাথে সাথে। তাই এই মৃত্যু নিয়ে রহস্য সৃষ্টি হয়েছে এলাকায়। অনেকেই আবার বলছে মেরে ফেলে গাছে ঝুলিয়ে রেখেছে।

এ বিষয়ে আলমডাঙ্গা থানা অফিসার ইনচার্জ বিপ্লব কুমার নাথ বলেন, আত্মহত্যার খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছিল। পুলিশ লাশের সুরতাল রিপোর্ট সংগ্রহ করেছে। ময়নাতদন্তের জন্য লাশ

চুয়াডাঙ্গা মর্গে পাঠানো হয়।

দর্শনা দক্ষিনচাঁদপুর গ্রাম থেকে মোটরসাইকেল চুরি

চুয়াডাঙ্গার দর্শনায় দক্ষিনচাঁদপুর গ্রাম থেকে মোটরসাইকেল চুরির ঘটনা ঘটছে। আজ শুক্রবার দুপুরে এ চুরির ঘটনা ঘটে। এ ঘটনায় দর্শনা থানায় একটি সাধারন ডাইরি করছে তারেক আহম্মেদ।

অভিযোগ সুত্রে জানাযায় দর্শনা পৌরসভার দক্ষিনচাঁদপুর গ্রামের হাবিবুর রহমানের ছেলে তারেক আহম্মেদ ১৫০ সিসির পালসার মোটরসাইকেল যার ডিজিটাল নাং চুয়াডাঙ্গা ল ১১-৬৮৪৪ বাড়ির সামনে রিলিংয়ের ভিতর রেখে নামাজ পড়তে যায়।নামাজ পড়ে এসে দেখে তার ব্যাবহারকৃত মোটরসাইকেলটি আর নাই। পরে অনেক খুঁজাখুঁজি করে মোটরসাইকেলটির আর সন্ধান মেলেনি।

দর্শনায় হঠাৎ করে আবারো মোটরসাইকেল চোর চক্র সক্রিয় হয়ে উঠছে।গত ১ মাস আগেও দর্শনা মোহাম্মদপুর থেকে মোটরসাইকেল চুরির ঘটনা ঘটছে। কোন উপায়ন্ত না পেয়ে দর্শনা থানায় একটি সাধারন ডাইরি করেছে।

এ ঘটনায় দর্শনা থানার অফিসার ইনচার্জ ওসি বিপ্লব কুমার সাহা বলেন মোটরসাইকেল চুরির ঘটনা সত্যতা নিশ্চিত করে বলেন, এ বিষয়ে একটি সাধারন ডাইরি হয়েছে।একটি অভিযোগপত্র পাওয়া গেছে।তবে বিষয়টি তদন্ত করে চোরাই মোটরসাইকেল উদ্ধারে পুলিশি তৎপরতা চলছে।

দামুড়হুদাতে সড়ক দুর্ঘটনায় আহত ২: একজনকে রাজশাহী রেফার্ড

দামুড়হুদায় বন্ধুর ভাইয়ের বিয়ের ফুল কিনতে গিয়ে সড়ক দুর্ঘটনায় দুইজন আহত হয়েছেন। আজ শুক্রবার সকাল ১১টার দিকে উপজেলার কোমরপুর ঈদগাহ নামক স্থানে এঘটনা ঘটে।আহতরা হলেন দামুড়হুদা উপজেলার জুড়ানপুর গ্রামের পূর্বপাড়ার আব্দুল মান্নান বিশ্বাসের ছোট ছেলে আইনুর বিশ্বাস(২৪) ও সুলতান আলীর ছোট ছেলে সিফাত হোসেন(১৭)। এর মধ্যে আইনুর বিশ্বাসের অবস্থা আশংকাজনক।

সড়ক দুর্ঘটনায় আহত সিফাত হোসেন জানায়, আমার বড় ভাই শামিম হোসেনের বিবাহ ছিল গতকাল। বরযাত্রীর গাড়ি ও বাসর ঘর সাজানোর জন্য ফুল কিনতে কার্পাসডাঙ্গা বাজারের উদ্দেশ্য দুলাভাই এর মোটরসাইকেল নিয়ে যায়। সাথে ছিল আইনুর বিশ্বাস নিজেই খুব দ্রুত চালাচ্ছিল মোটরসাইকেল, ফুল নিয়ে ফেরার পথে কার্পাসডাঙ্গা- দামুড়হুদা সড়কের কোমরপুর ঈদগাহর কাছাকাছি আসলে ইজিবাইক পাশ কাটিয়ে যায়। হটাৎ অপরদিক থেকে আসা পাওয়ারটিলার এর সাথে ধাক্কা লাগে ঘটনাস্থলেই ছিটকে পড়ে যায় দুজন। তারপর ঘটনাস্থলে জ্ঞান হারিয়ে ফেলি পরে আমার আর কিছু মনে নেই।

এদিকে সড়ক দুর্ঘটনার পরপরই স্থানীয়রা পরিবারের লোকজনকে খবর দেয়। পরিবারের লোকজন বিয়ের মাইক্রো নিয়ে দুজনকে দ্রুতই দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসে দুজনকে। আহত আইনুর বিশ্বাসের অবস্থার অবনতি হলে তাৎক্ষণিক জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নেয়ার পরামর্শ দেন। চুয়াডাঙ্গা সদর হাসপাতালে জরুরি বিভাগে নেয়ার পর প্রাথমিক চিকিৎসা প্রদান করা হয়। মাথায় অতিরিক্ত জখম হওয়ায় জ্ঞান হারিয়ে ফেলে। পুনরায় শারীরিক অবস্থা খারাপের দিকে যেতে থাকায় চুয়াডাঙ্গা সদর হাসপাতালের চিকিৎসকরা রাজশাহীতে রেফার্ড করেন। এদিকে পরিবারের লোকজন জানান আহত সিফাত হোসেনের অবস্থার উন্নতি হওয়ায় প্রাথমিক চিকিৎসা শেষে বাড়িতে আনা হয়েছে। মারাত্মকভাবে মাথায় জখম হওয়া আইনুর বিশ্বাসকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করে আইসিইউতে স্থানান্তর করা হয়েছে বলে জানান।